গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখঃ ১৫/০১/২০২০ খ্রি.।

# ২০১৬ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন, প্রাইভেট) ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপঃ

| বিভাগের নাম | ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ | সময় |
|---|---|---|
| রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজকর্ম, ইসলামের ইতিহাস, ইতিহাস, দর্শন, বাংলা, ইংরেজি, মার্কেটিং, ফিন্যান্স | ২০/০১/২০১৮ | দুপুর ১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় ফরম পূরণের ফি জমা দিতে হবে। |
| উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থ, ভূগোল, রসায়ন, গণিত, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, | ২১/০১/২০১৮ | |
| গ্রেড/মান উন্নয়ন (সকল বিষয়) | ২২/০১/২০১৮ | |

**নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি**

| মাস্টার্স ১ম পর্ব বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, সমাজকর্ম | ২,৫৩০.০০ |
| অর্থনীতি | ২,৭৩০.০০ |
| মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা | ২,৭৬০.০০ |
| গণিত | ৩,৩৬০.০০ |

**গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি**

| মাস্টার্স ১ম পর্ব বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| ১ পত্র | ১,৩৩০.০০ |
| ২ পত্র | ১,৬৩০.০০ |
| ৩ পত্র | ১,৯৩০.০০ |
| ৪ পত্র | ২,২৩০.০০ |
| ৫ পত্র | ২,৫৩০.০০ |

**ব্যবহারিক পত্র থাকলে মোট পত্রের টাকার সাথে ১৩০/- অথবা টিউটোরিয়াল পত্র থাকলে ১৫০/- যোগ করে পরিশোধ করতে হবে। ২০১৪ সনের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থীদের সমপরিমাণ ফি জমা দিবে।**

১৫/১/২০২০

বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ০৩/০২/২০২০ খ্রি.। নিম্নের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ০৩/০২/২০২০ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।

অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):
ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (**http://dua7c.com/**) লিংক এ গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ২০১৫ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।
খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।
গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরম পূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৬/০১/২০২০ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

**২. ফরম পূরণের ফি জমা দেয়া:**
সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, মাস্টার্স বিষয়ের নাম (রশিদের মাঝখানে বড় করে), ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীরা স্ব স্ব বিভাগে ফরম জমা দিবে। প্রাইভেট পরীক্ষার্থীরা অফিসের রেজিঃ শাখায় ফরম জমা দিবে।

**৩. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**
ক) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নিয়মিত ছাত্রী ও ২০১৬ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার প্রাইভেট শিক্ষার্থী।
খ) ২০১৩-১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত, মানোন্নয়ন এবং ২০১৪ ও ২০১৫ সালের প্রাইভেট অনিয়মিত, মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
গ) ২০১৫ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৬ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৫ সালের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরনের পরীক্ষার্থী ২০১৫ সালের পরীক্ষায় যে সব পত্রে ৪৫% এর কম পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। ২০১৪ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কোন কিছু জানার প্রয়োজন মনে করলে ফরম পূরণের পূর্বে তা জেনে নিতে হবে। ২০১৪ সালের পরীক্ষার্থীরা সকল পত্রে অংশগ্রহণ করবে। এখানে উল্লেখ্য যে, ২০১৪ সালের পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।

**০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**
পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কতৃর্ক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত মাস্টার্স ১মপর্ব বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড

২৩/১/২০২০

সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ**

(ক) পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম পূরণ করতে হবে। ছাত্রীদের কাছ থেকে টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ২৬/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

গ) পরীক্ষার্থী ফি জমা দেয়ার পর একই দিনে তার ফরমপূরণসহ সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরের দিন অফিসে টাকা জমা দানের পরীক্ষার্থীর সংখ্যার সাথে বিভাগে ফরম পূরণের সংখ্যা মিলিয়ে নিতে হবে। যাতে কোন পরীক্ষার্থী টাকা জমা দেয়ার পরও ফরম পূরণ হতে বাদ না পড়ে।

১৬/০১/২০২০

(প্রফেসর তহমিনা আক্তার)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।